



কলাপাড়া : রাডার স্টেশনে উৎসুক শিক্ষার্থী

-জনকণ্ঠ

## আবহাওয়ার খুঁটিনাটি তথ্য জানতে রাডার স্টেশনে শিক্ষার্থীদের ভিড়

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, ২৩ মার্চ। 'জলবায়ু কার্যক্রমে জলবায়ু সজ্ঞান' এই প্রতিপাদ্য বিষয়ে কলাপাড়ায় বিশ্ব আবহাওয়া দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে কলাপাড়া পৌরশহরের পেপুপাড়া পিবিও এ্যান্ড রাডার স্টেশনে স্কুল শিক্ষার্থীর উপচে পড়া ভিড় ছিল। শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত এ এলাকা সকাল থেকে উন্মুক্ত করে দেয়া হয়। শত শত শিক্ষার্থী রাডার ভবনসহ ক্যাম্পাসে ঘুরে আবহাওয়া সংক্রান্ত বিভিন্ন যন্ত্রাংশ প্রদর্শনীতে অংশ নেয়। কীভাবে বাতাসের গতিবেগ, তাপমাত্রার রেকর্ড সংরক্ষণ, ঘূর্ণিঝড়ের গতিপথ এবং অবস্থান সম্পর্কে শনাক্ত করা হয় তা জানার জন্য ঘটটার পর ঘটটা ভিড় করে শিক্ষার্থীরা। আবহাওয়া সহকারী মাসুদ রাসা জানান, শত শত উৎসুক শিক্ষার্থী এসব তথ্য বাস্তবে দেখতে এবং

জানতে পেরে খুব উৎফুল্ল। রাডার স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা ইলেকট্রনিক প্রকৌশলী প্রদীপ চক্রবর্তী জানান, বিশ্ব আবহাওয়া দিবসে শিক্ষার্থীর উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। শিক্ষার্থী মেহেদী হাসান জানান, আমি আজকে রাডার স্টেশনে এসে জানতে পারলাম লাল মেঘের বেশি আনাগোনা

### বিশ্ব আবহাওয়া দিবস

ঘটলে বৃষ্টিপাত বেশি হয়। জানতে পেরেছে আবহাওয়া সংবলিত বিভিন্ন কার্যক্রম। আবহাওয়া দিবসকে কেন্দ্র করে রাডার স্টেশন এলাকায় বিরাজ করে উৎসবমুখর পরিবেশ। শিক্ষার্থী ছাড়াও সাধারণ নারী-পুরুষের ভিড় ছিল উৎসবে।